

প্রধানমন্ত্রীর সঙ্গে ওমানের বিদেশমন্ত্রকের
দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীর সাক্ষাৎ

জনাব ইউসুফ বিন আলওয়াই বিন আবদুল্লাহ, ওমানের
বিদেশমন্ত্রকের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী আজ সাক্ষাৎ করলেন
প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সঙ্গে।

প্রধানমন্ত্রী এবং জনাব ইউসুফ বিন আলওয়াই বিন
আবদুল্লাহ ভারত এবং ওমানের মধ্যে ঘনিষ্ঠপূর্ণ সম্পর্কের
বিষয়ে মতবিনিময় করেন যাতে বিভিন্ন ক্ষেত্রে আরও
অগ্রগতি হয়।

জনাব ইউসুফ বিন আলওয়াই বিন আবদুল্লাহ রাজাধিরাজ
সুলতান কাবুস বিন সাইদ আল সাইদ-এর শুভেচ্ছাবার্তা
নিয়ে আসেন, প্রধানমন্ত্রীও মহামান্য রাজাধিরাজকে তাঁর
শুভেচ্ছা জানিয়েছেন।

নয়াদিল্লি

এপ্রিল ০৩, ২০১৭